47

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06 JUL 1987 ...
পৃষ্ঠা ... 3 কলাম ... 4 ...

২১ শে আষাঢ় ১৩৯৪ বং

# অথচ কোন কোন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে—

বাসস জানায়, সরকারী অনুদানপ্রাপ্ত বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার বেতন ও আনুষঙ্গিক ফি সরকারের পূর্ব অনুমতি ছাড়া বৃদ্ধি করা যাইবে না বলিয়া সরকারীভাবে ঘোষণা করা হইয়াছে।

গত শনিবার এক সরকারী তথ্য বিবরণীতে বলা হয়, এই নির্দেশ ১লা জুলাই হইতে

(৪র্থ পৃঃ দ্রঃ)

## কোন শিক্ষা প্রতিষ্ঠানে

(৩য় পৃঃ পর)

কার্যকর হওয়ার কথা। অথচ কোন কোন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান তাহাদের প্রচলিত ছাত্রবেতন ও আনুষঙ্গিক ফি ১লা জুলাই হইতে বৃদ্ধি করিয়াছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানের বেতন ও ফি পূর্ব হইতেই সরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের বেতন-ফি'র চেয়ে অনেক বেশী এবং সরকার ইতিমধ্যেই বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীর অনুদানের পরিমাণ বৃদ্ধি করিয়াছে।